



সাংবাদিক সংঘলনে শিক্ষক-শিক্ষিকা ও অভিযুক্ত

সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষকদের গেজেটেড কর্মকর্তার মর্যাদা দেয়ার দাবি

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

সরকারি মাধ্যমিক-সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার মর্যাদাসহ শিক্ষা ক্যাডার বাস্তবায়নের দাবি জানিয়েছে বাংলাদেশ সরকারি মাধ্যমিক সহকারী শিক্ষক সমিতি। মঙ্গলবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত এক সাংবাদিক সংঘলনে সমিতির নেতৃবৃন্দ এই দাবি জানান। তারা বলেন, বিশ্ব যখন শিল্প, বিজ্ঞান ও আধুনিক প্রযুক্তিতে এগিয়ে তখন শিক্ষক সমাজ চরম অবহেলা ও বৈষম্যের শিকার। অপর্থাৎ বেতন স্কেল ও সামাজিক অমর্যাদার কারণে অনেক মেধাবী শিক্ষক পেশা ত্যাগে বাধ্য হচ্ছেন। দীর্ঘ ৩৭ বছরেও তাদের ন্যায্য দাবি মানা হচ্ছে না।

নেতৃবৃন্দ বলেন, যারা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক তাদের ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা স্নাতক ডিগ্রীসহ বিএড, এমএড। অর্থাৎ তাদেরকে তৃতীয় শ্রেণীর পদমর্যাদা দেয়া হয়েছে। সাব-বেঞ্জিনার, থানা সমাজ সেবা অফিসার ও থানা শিক্ষা অফিসার তৃতীয়

স্নাতকোত্তর ডিগ্রীধারী হওয়া সত্ত্বেও তাদের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার স্কেলে পদ মর্যাদা দেয়া হয়েছে। শিক্ষক নেতৃবৃন্দ স্বাধীন দেশে এতদূর বৈষম্য দূর করে অবিলম্বে শিক্ষকদের প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার পূর্ণ মর্যাদা ও স্কেল দেয়ার দাবি জানান। সাংবাদিক সংঘলনে লিখিত বক্তব্য পাঠ করেন সমিতির সভাপতি মোফাজ্জল হোসেন, যুগ্ম মহাসচিব একেএম কুলবুল, এটিএম মোস্তাফিজুর রহমান, মামনুর রশীদ, বাহাউদ্দিন মোঃ বেলাল হোসেন।